

‘শেখ হাসিনার বরতা  
নারী-পুরুষ সমতা’



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
৩৭/৩ ইন্সটান গার্ডেন রোড, ঢাকা।



স্মারক নং- ৩২.০১.০০০০.০১৩.১১.০০৭.১৮-৯৮

তারিখ : ১২/০৯/২০২১

**বিষয় : ‘কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচি’র আওতায় ২০২১-২০২২ অর্থ-বছরে নতুন উপকারভোগী নির্বাচন এবং ২০২০-২০২১ অর্থ-বছরে বাউন্স ব্যাককৃত উপকারভোগীদের তথ্য সংশোধন।**

সূত্র: নং-৩২.০১.০০০০.০১৩.১১.০০৭.১৮-৮৩ তারিখ: ১২/০৯/২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচি’র আওতায় ২০১৮-২০১৯ অর্থ-বছরে নির্বাচিত উপকারভোগীদের ভাতা গ্রহণের মেয়াদ গত ৩০ জুন/২০২১ তারিখে শেষ হয়েছে। একই সাথে চলতি ২০২১-২০২২ অর্থ-বছরে উপকারভোগীর সংখ্যা ২,১২৫ জন বৃদ্ধি পেয়েছে। মেয়াদ উত্তীর্ণ এবং বৃদ্ধিপ্রাপ্ত উপকারভোগীদের স্থলে চলতি ২০২১-২০২২ অর্থ-বছরে নতুন উপকারভোগী নির্বাচনের জন্য সিটি কর্পোরেশন ও পৌরসভা অনুযায়ী উপকারভোগীর সংখ্যা উল্লেখপূর্বক বরাদ্দের বিভাজনসহ নির্দেশনা সূত্রোক্ত পত্রের মাধ্যমে প্রেরণ করা হয়েছে। উল্লিখিত পত্রের নির্দেশনা মোতাবেক বিভাজনে বর্ণিত সংখ্যক উপকারভোগী নির্বাচন আগামী ৩১ অক্টোবর/২০২১ তারিখের মধ্যে সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। কর্মসূচি’র আওতায় গত ২০২০-২১ অর্থ-বছরে বাউন্স ব্যাককৃত উপকারভোগীদের ভাতার অর্থ নভেম্বর/২০২১ মাসের ১ম সপ্তাহে পরিশোধের পরিকল্পনা করা হয়েছে। এমতবাস্তায় যেসব সিটি কর্পোরেশন ও পৌরসভায় গত ২০২০-২১ অর্থ-বছরে উপকারভোগীদের ভাতার অর্থ বাউন্স ব্যাক হয়েছে আগামী ৩১ অক্টোবর/২০২১ তারিখের মধ্যে সেসব উপকারভোগীদের তথ্য সংশোধনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মো: জামাল উদ্দিন ভূঁইয়া)

কর্মসূচি পরিচালক

কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচি

মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

ফোন: ৫৮৩১১৩৮৪

**কার্যার্থে বিতরণ:**

০১। উপ-পরিচালক, উপ-পরিচালকের কার্যালয়,.....।

০২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, .....।

০৩। সহকারী পরিচালক (ওয়েব সাইট), মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

০৪। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।